তারিখ ...14 JUL 2017...
পৃষ্ঠা ২.১৬ কলাম ....৪......

সংবাদ

# এমপিওভুক্ত হয়েছে ১৬২৪ শিক্ষা প্রতিষ্ঠান

## ■ আবাসন বোর্ডের ২৭৮টি সরকারি বাড়ি বেদখল

সংসদ বার্তা পরিবেশক

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেছেন, বর্তমান মহাজোট সরকারের বিগত মেয়াদে ১ হাজার ৬২৪টি বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানকে এমপিওভুক্ত করা হয়। বর্তমানে দেশে ৩৮ হাজার ১৫৮টি বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের মধ্যে ২৭ হাজার ৭২২টি শিক্ষা প্রতিষ্ঠান এমপিওভুক্ত রয়েছে। এমপিও খাতে ১২ হাজার ২৮৯ কোটি ৭৪ লাখ ৬৭ হাজার টাকা বরাদ্দ রয়েছে। গতকাল দশম জাতীয় সংসদের ১৬তম (বাজেট) অধিবেশনের সমাপনী (২৪তম) কার্যদিবসে সরকারি দলের সদস্য মোহাম্মদ সুবিদ আলী ভূঁইয়ার প্রশ্নের জবাবে মন্ত্রী এসব কথা বলেন। এর আগে বিকেলে ডেপুটি স্পিকার অ্যাডভোকেট মো. ফজলে রাব্বী মিয়ার সভাপতিত্বে অধিবেশন শুরু হয়।

মন্ত্রী বলেন, বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান এমপিওভুক্তকরণ একটি চলমান প্রক্রিয়া। প্রধানমন্ত্রীর নির্দেশনার আলোকে বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান এমপিওভুক্তির নির্দেশিকার সংশোধন কার্যক্রম চূড়ান্ত করা হয়। নাহিদ বলেন, পরবর্তীতে এ মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত সংশোধিত বেসরকারি শিক্ষক নিয়োগ বিধিমালা এবং সরকার প্রদত্ত জাতীয় বেতন স্কেল-২০১৫'র আলোকে নির্দেশিকাটি অধিকতর সংশোধনের প্রয়োজন হওয়ায় এটির সংশোধনের জন্য ৯ সদস্যবিশিষ্ট একটি কমিটি গঠন করা হয়।

**আবাসন সম্পত্তি ব্যবস্থাপনা বোর্ডের অধীন ২৭৮টি বাড়ি বেদখলে**

গৃহায়ন ও গণপূর্তমন্ত্রী ইঞ্জিনিয়ার মোশাররফ হোসেন বলেছেন, বর্তমানে সরকারি আবাসন পরিদফতর ও পরিত্যক্ত সম্পত্তি ব্যবস্থাপনা বোর্ডের অধীন ২৭৮টি বাড়ি বেদখলে রয়েছে। ২৭৮টি পরিত্যক্ত বাড়ির বসবাসকারীগণ বিভিন্ন

এমপিওভুক্ত : পৃষ্ঠা : ২ ক : ৪

**এমপিওভুক্ত : হয়েছে**

(১৬ পৃষ্ঠার পর)

আদালতে মামলা মোকদ্দমা দায়ের করে অবৈধভাবে দখলে রেখেছেন। বিভিন্ন সময়ে উচ্ছেদ কার্যক্রম গ্রহণ করা হলেও মামলার কার্যক্রম হিসেবে আদালতের নিষেধাজ্ঞা থাকায় উচ্ছেদ কার্যক্রম সম্পন্ন করা সম্ভব হয়নি। গতকাল সংসদে সরকারি দলের সদস্য সামশুল হক চৌধুরীর প্রশ্নের জবাবে মন্ত্রী এসব কথা বলেন। মন্ত্রী বলেন, এর মধ্যে সরকারি আবাসন পরিদফতরের নিয়ন্ত্রণাধীন ঢাকা ও চট্টগ্রাম কার্যালয়ের অধিক্ষেত্রে ১২৪টি পরিত্যক্ত বাড়ি বেদখলে রয়েছে। অপরদিকে পরিত্যক্ত সম্পত্তি ব্যবস্থাপনা বোর্ড, ঢাকা ও চট্টগ্রাম কার্যালয়ের আওতায় ১৫৪টি বাড়ি বেদখলে রয়েছে।